



খুলনা বিশ্ববিদ্যালয়
খুলনা
রেজিস্ট্রারের কার্যালয়
(সংস্থাপন-০৪)

স্মারক নম্বর খুবি/প্রশা-৫নি-১৮/৯১-

তারিখ : ১৯-০৫-২০২২ খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

খুলনা বিশ্ববিদ্যালয়ের বিধি মোতাবেক প্রদেয় বেতন ও অন্যান্য আর্থিক সুবিধাসহ বিশ্ববিদ্যালয়ে নিম্নবর্ণিত কর্মচারীর শূন্য পদসমূহ পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

ক্রমিক নং	পদের নাম ও গ্রেড	জাতীয় বেতন স্কেল : ২০১৫ অনুযায়ী	শূন্য পদের সংখ্যা
০১।	স্টেনোগ্রাফার (গ্রেড-১১)	বেতনক্রম : ১২,৫০০/-৩০,২৩০/-	০১ (এক)টি
০২।	পার্সোনাল এ্যাসিস্ট্যান্ট কাম-কম্পিউটার অপারেটর (গ্রেড-১৩)	বেতনক্রম : ১১,০০০/-২৬,৫৯০/-	০৬ (ছয়)টি
০৩।	হিসাব সহকারী(গ্রেড-১৩)	বেতনক্রম : ১১,০০০/-২৬,৫৯০/-	০২ (দুই)টি
০৪।	ল্যাব টেকনিশিয়ান (গ্রেড-১৩)	বেতনক্রম : ১১,০০০/-২৬,৫৯০/-	০৪ (চার)টি
০৫।	সহকারী ইমাম কাম মুয়াজ্জিন (গ্রেড-১৩)	বেতনক্রম : ১১,০০০/-২৬,৫৯০/-	০১ (এক)টি
০৬।	অফিস এ্যাসিস্ট্যান্ট কাম-কম্পিউটার টাইপিষ্ট (গ্রেড-১৬)	বেতনক্রম : ৯,৩০০/- ২২,৪৯০/-	০৩ (তিন)টি
০৭।	সহকারী ল্যাব টেকনিশিয়ান/ল্যাব সহকারী (গ্রেড-১৬)	বেতনক্রম : ৯,৩০০/- ২২,৪৯০/-	০১ (এক)টি
০৮।	ডুপ্লিকেটিং মেশিন অপারেটর/ফটোকপি মেশিন অপারেটর (গ্রেড-১৭)	বেতনক্রম : ৯,০০০/- ২১,৮০০/-	০১ (এক)টি

আবেদনের শর্তাবলীঃ

- আবেদন অনলাইনে (Online) করতে হবে এবং পূরণকৃত আবেদনপত্র ডাউনলোড করতঃ প্রয়োজনীয় (০৪নং শর্তে চাহিত) কাগজপত্রাদিসহ ০৩ (তিন) সেট আবেদনপত্র নিম্নস্বাক্ষরকারী বরাবর ০৯-০৬-২০২২খ্রি. তারিখের মধ্যে ডাকযোগে/সরাসরি হার্ডকপি প্রেরণ করতে হবে। উল্লেখ, অনলাইন আবেদনের সাথে ৩০০/- (তিনশত) টাকা অনলাইনে পেমেন্ট করতে হবে। অনলাইন আবেদন ফরম, পেমেন্ট, নিয়োগ বিজ্ঞপ্তি এবং নিয়োগ সংক্রান্ত নিয়মাবলী খুলনা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (<http://ku.ac.bd/career>) পাওয়া যাবে।
- খামের উপর অবশ্যই পদের নাম উল্লেখ করতে হবে।
- চাকরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং বর্তমানে কর্মরত প্রতিষ্ঠানের অনাপত্তিপত্র সংযুক্ত করতে হবে।
- প্রতিসেট আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রাদি অবশ্যই দাখিল করতে হবে :
ক) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি।
খ) নাগরিকত্ব সনদ ও জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।
গ) সম্ভ্রতি তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি (প্রথম সেটে দুই কপি ছবি এবং অপর দুইটি সেটে একটি করে ছবি)
ঘ) যে কোন এক সেট আবেদনপত্রের সঙ্গে অনলাইনে জমাকৃত পেমেন্ট স্লিপ দিতে হবে।
- খুলনা বিশ্ববিদ্যালয়ে কর্মরত গ্রেড-১৬ থেকে ১১ পর্যন্ত কর্মচারীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা অথবা বয়স যে কোন একটি শিথিলযোগ্য এবং গ্রেড-২০ থেকে ১৭ পর্যন্ত কর্মচারীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ও বয়স শিথিলযোগ্য।
- পরীক্ষায় গ্রেড প্রাপ্ত প্রার্থীদের ক্ষেত্রে সকল পর্যায়ে সিজিপিএ ৫.০০ এর ক্ষেত্রে ন্যূনতম গ্রেড পয়েন্ট ২.৫০ এবং ৪.০০ এর ক্ষেত্রে ২.০০ থাকতে হবে।
- প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে। দ্বৈত নাগরিকত্ব গ্রহণযোগ্য নয়। বিদেশে স্থায়ীভাবে বসবাসরত/বসবাসের অনুমতি প্রাপ্ত ব্যক্তিও বিবেচিত হবেন না।
- মুক্তিযোদ্ধা/প্রতিবন্ধি/উপজাতি/নারী ইত্যাদি প্রার্থীদের ক্ষেত্রে সরকারি নীতিমালা অনুসরণ করা হবে।
- আবেদনপত্র আগামী ২২.০৫.২০২২খ্রি. থেকে ০৯.০৬.২০২২খ্রি. তারিখ বিকাল ৫:০০ টার মধ্যে ডাকযোগে(অফিস চলাকালীন)/সরাসরি নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে অবশ্যই পৌছাতে হবে।
- অনুমোদিত পদ থাকা সাপেক্ষে বিজ্ঞাপিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে।
- নিয়োগ সংক্রান্ত কর্তৃপক্ষীয় সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।

স্বাক্ষরিত/-

(প্রফেসর খান গোলাম কুদ্দুস)

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

খুলনা বিশ্ববিদ্যালয়